# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫২৯

৪১/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জান্নাতের বালাখানার বিবরণ।

بَابُ مَا جَاءَ فِي صِفَةِ غُرَفِ الجَنَّةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ، عَنِ النُّعْمَانِ بْنِ سَعْدٍ، عَنْ عَلِيٍّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ فِي الْجَنَّةِ لَغُرَفًا يُرَى ظُهُورُهَا مِنْ بُطُونِهَا وَبُطُونُهَا مِنْ ظُهُورِهَا " . فَقَامَ إِلَيْهِ أَعْرَابِيٌّ فَقَالَ لِمَنْ هِيَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " هِيَ لِمَنْ أَطَابَ الْكَلاَمَ وَأَطْعَمَ الطَّعَامَ وَأَدَامَ الصِّيَامَ وَصَلَّى لِلَّهِ بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَامٌ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِي عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ هَذَا مِنْ قِبَلِ حِفْظِهِ وَهُوَ كُوفِيٌّ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ إِسْحَاقَ الْقُرَشِيُّ مَدَنِيٌّ وَهُوَ أَثْبَتُ مِنْ هَذَا .

বাংলা

২৫২৯. আলী ইবন ইবন হুজুর (রহঃ) ...... আলী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতে এমন বালাখানা রয়েছে যে, এর ভেতর থেকে বাহির এবং বাহির থেকে ভেতর দেখা যাবে। তখন এক মরুবাসী অরিব উঠে দাঁড়াল, বললঃ ইয়া রাসূলাল্লাহ্! এটি কার জন্য?

তিনি বললেনঃ এটি হবে ঐ ব্যক্তির জন্য যে ব্যক্তি ভাল কথা বলে, লোকদের খাদ্য খাওয়ায়, সর্বদা সিয়াম পালন করে এবং মানুষ যখন ঘুমিয়ে ঘুমিয়ে থাকে তখন আল্লাহর জন্যই রাতে উঠে সালাত (তাহাজ্জুদ) আদায় করে।
হাসান, তা’লীকুর রাগীব ২/৪৬, মিশকাত ১২৩৩, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫২৭ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি গারীব। কোন কোন হাদীস বিশেষজ্ঞ এ হাদীসের রাবী আবদুর রহমান ইবন ইসহাক (রহঃ) এর স্মরণ শক্তির ব্যাপারে সমালোচনা করেছেন। ইনি হলেন কুফার বাসিন্দা। আর আবদুর রহমান ইবন ইসহাক কুরাশী মাদানী (রহঃ) এর তুলনায় অধিক নির্ভরযোগ্য।

## English

'Ali narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Indeed in Paradise there are chambers whose outside can be seen from their inside, and their inside can be seen fom their outside." A Bedouin stood and said: "Who are they for O Prophet of Allah?" he said: "For those who speak well, feed others, fast regularly, and perform Salat for Allah during the night while the people sleep."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন